

## জাত পরিচিতি

বিআর২৬ বা শ্রাবণী ব্রি উদ্ভাবিত রোপা আউশ মৌসুমের জন্য অনুমোদিত একটি জাত। জাতটি ১৯৯৩ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন করা হয়।

## জাতের বৈশিষ্ট্য

- ▶ আগাম জাত।
- ▶ গাছের উচ্চতা ১১৫ সেন্টিমিটার।
- ▶ কাণ্ড শক্ত তাই হেলে পড়ে না।
- ▶ চাল লম্বা, চিকন ও সাদা, বালামের অনুরূপ।
- ▶ ভাত নরম ও কিছুটা আঠালো।
- ▶ চালে প্রোটিনের পরিমাণ ৮.৫%।



বিআর২৬

## জীবনকাল

জাতটির জীবনকাল ১১৫ দিন।

## ফলন

উপযুক্ত পরিচর্যা পেলে বিআর২৬ হেক্টর প্রতি ৪.০ টন ফলন দিয়ে থাকে।

## চাষাবাদ পদ্ধতি

১. বীজতলায় বীজ বপন ৪৫-১০ বৈশাখ (১৮-৩০ এপ্রিল)।
২. চারার বয়স ২০-২৫ দিন।
৩. রোপন দূরত্ব ২০x১৫ সেন্টিমিটার।
৪. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):
 

৪.১	ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক
	২০	৭	১০	৫	০.৭
- ৪.২ ইউরিয়া সার সমান ২ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি শেষ চাষের সময় এবং ২য় কিস্তি চারা রোপনের ৩০-৪০ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম।
৫. আগাছা দমন ৪ চারা রোপনের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
৬. রোগবালাই দমন ৪ অনুমোদিত বালাই দমন ব্যবস্থা অনুসরণ করতে হবে।
৭. ফসল কাটা ৪ ৩০ শ্রাবণ - ২০ ভাদ্র (১৪ আগস্ট-৪ সেপ্টেম্বর) মধ্যে ধান কাটা যায়।

মন্তব্য ৪ বিআর২৬ এর ধান শুকানোর পর ২-৩ মাস সংরক্ষণ করলে ভাতের আঠালো ভাব অনেকাংশে দূরীভূত হয়। অথবা রান্নার সময় চাল ফুটন্ত পানিতে ছাড়লেও ভাত ঝরঝরে হয়।

আরো তথ্যের জন্য ৪

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brr.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যাঙ্ক শীট ২২